

# গুচ্ছ বিশ্ববিদ্যালয় ভর্তির আবেদন শুরু ১৭ অক্টোবর

নিজস্ব প্রতিবেদক

২৯ সেপ্টেম্বর ২০২২ ১১:৪২

পিএম | আপডেট: ২৯

সেপ্টেম্বর ২০২২ ১১:৪২

পিএম

14  
Shares



প্রতিকী ছবি

advertisement

আগামী ১৭ অক্টোবর থেকে দেশের ২২টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ২০২১-২২ শিক্ষাবর্ষে সমন্বিত ভর্তি পরীক্ষার আবেদন শুরু হবে। আজ বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজক কমিটির সভায় এ সিদ্ধান্ত নেন উপাচার্য।

সিদ্ধান্ত অনুযায়ী ভর্তি পরীক্ষায় পাসকৃত শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়গুলোতে ২৭ অক্টোবর পর্যন্ত আলাদা করে আবেদন করতে পারবেন। প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রত্যেকটি ইউনিটের আবেদন ফি ৫০০ টাকা। ভর্তি বিজ্ঞপ্তি ১৪ অক্টোবর প্রকাশিত হবে।

advertisement 3

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও গুচ্ছ ভর্তি পরীক্ষা কমিটির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বলেন, গুচ্ছ বিশ্ববিদ্যালয় ভর্তির বিজ্ঞপ্তি ১৪ অক্টোবর দেওয়া হবে। সেখানেই ভর্তি প্রক্রিয়ার বিস্তারিত তথ্য পাওয়া যাবে। ১৭-২৭ অক্টোবর শিক্ষার্থীরা অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবে। আবেদনের সময়সীমা পরবর্তীতে বৃদ্ধি করা হবে না।

advertisement 4

ভর্তি প্রক্রিয়ার বিষয়ে তিনি বলেন, একজন শিক্ষার্থী একবার সাবজেক্ট পাওয়ার পর প্রথমে ৫ হাজার টাকা জমা দিয়ে ভর্তি হবে। পরবর্তীতে মাইগ্রেশন বন্ধ করার পর যে বিশ্ববিদ্যালয়ে সাবজেক্ট আসবে সেখানকার ফি এর সাথে সমন্বয় করে বাকি ফি দিতে হবে।

এবার শিক্ষার্থীদের খরচ কমবে দাবি করে উপাচার্য অধ্যাপক ড. ইমদাদুল হক জানান, শিক্ষার্থীরা আগে অনেকগুলো বিশ্ববিদ্যালয়ে ভর্তি হত। এতে অনেক টাকা খরচ হতো। এবার আমরা ৫ হাজার টাকা জামানত রাখবো। সর্বশেষ সে যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে সেখানে এই টাকার সাথে সমন্বয় করে দেওয়া হবে।